



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৩৬০/নতুন/ঢাকা/২১৮

তারিখ : ০৭/০৩/২০২১

বিষয় : পাঠদান অনুমতি বাতিল এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের পার্শ্ববর্তী বিদ্যালয়ে হস্তান্তর প্রসঙ্গে।

- সূত্র : (১) ২৮/১১//২০০৪ তারিখের ১৫৯৩ নং পত্র উপ পরিচালক, মাউশি, ঢাকা অঞ্চল।
 (২) বোর্ডের ০৫/০৭/২০০৯ তারিখের ২৯৯৯ নং পত্র।
 (৩) বোর্ডের ০৭/০৩/২০১৩ তারিখের ২৯৮৮ নং পত্র।
 (৪) বোর্ডের ২৯/০৯/২০১৩ তারিখের ৯৭১ নং পত্র।
 (৫) বোর্ডের ৩১/০৩/২০১৪ তারিখের ২০০১ নং পত্র।
 (৬) বোর্ডের ২৭/০৮/২০১৪ তারিখের ১১৬৩ নং পত্র।
 (৭) বোর্ডের ২৫/১১/২০২০ তারিখের ৪০৫৩ নং পত্রে কারণ দর্শানো।
 (৮) প্রধান শিক্ষক এর ০৬/১২/২০২০ তারিখের কারণ দর্শানোর জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে,

১। উপ- পরিচালক, মাউশি, ঢাকা অঞ্চলের পত্র নং ১৫৯৩ তারিখ ২৮/১১/২০০৪ এর আলোকে প্রথমে ভাড়া বাড়িতে ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের অনুমতি নিয়ে বিদ্যালয়টি শিক্ষা কার্যক্রম শুরু করে।

২। পরবর্তীতে নং ২২৯৯ তারিখ ০৫/০৭/২০০৯ এর স্বরকে ০১/০১/২০০৯ থেকে ৩১/১২/২০১১ ইং পর্যন্ত উক্ত ভাড়া বাড়িতে নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি দেয়া হয়। পত্র নং ২৯৮৮ তারিখ ০৭/০৩/২০১৩ এর মাধ্যমে পাঠদানের প্রাথমিক অনুমতির ০৩ ও ১১ নং শর্ত ভঙ্গ করায় ০১/০১/২০১৩ হতে পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিল করা হয় এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের পার্শ্ববর্তী অনুমোদিত বিদ্যালয়ে স্থানান্তরের নির্দেশনা দেয়া হয়।

৩। প্রধান শিক্ষকের ২৭/০৩/২০১৩ তারিখের পাঠদানের অনুমতির জন্য পুন: বিবেচনার আবেদন করা হলে বোর্ড কর্তৃক পত্র নং ৯৭১ তারিখ ২৯/০৯/২০১৩ এর মাধ্যমে পুনরায় শর্ত পূরণের কাগজ চাওয়া হয়।

৪। বিশেষ বিবেচনায় ২০০১ নং স্বরকে ৩১/০৩/২০১৪ তারিখে ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জায়গায় স্থানান্তরের শর্তে পুনরায় ০১/০১/২০১৪ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ের পাঠদানের প্রাথমিক অনুমতি দেয়া হয়। বর্তমানে যার মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং অদ্যাবধি একাডেমিক স্বীকৃতির জন্য কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি মর্মে জানা যায়।

৫। পত্র নং ১১৬৩ তারিখ ২৭/০৮/২০১৪ তারিখে পাঠদানের ০১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন না করায় পুন: নির্বাহী কমিটি গঠন করার পত্র দেয়া হয়। যা অদ্যাবধি গঠন বা অনুমোদন না নিয়ে বিধি বর্হিভূত ভাবে বিদ্যালয় পরিচালনা করে আসছে।

৬। বোর্ডের পত্র নং ৪০৫৩ তারিখ ২৫/১১/২০২০ এর মাধ্যমে কারণ দর্শানো হয়। প্রধান শিক্ষক কর্তৃক ০৬/১২/২০২০ তারিখে দাখিলকৃত উক্ত কারণ দর্শানো জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি।

এমতাবস্থায় কমিটি ও একাডেমিক স্বীকৃতিবহীন বিদ্যালয় পরিচালনা করায় নিম্নমাধ্যমিক পর্যায়ের পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিল করা হলো। একই সাথে বিদ্যালয়ের অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে পার্শ্ববর্তী বোর্ড অনুমোদিত যে কোন বিদ্যালয়ে স্থানান্তরের পরামর্শ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

তারিখ : ০৭/০৩/২০২১

প্রাপক : প্রধান শিক্ষক

হলি ক্রিসেন্ট (ইন্টা:) জুনিয়র স্কুল

বনশ্রী প্রজেক্ট, রামপুরা, ঢাকা।

মেমো নং- ২১৮(১০)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৯। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


০৭/০৩/২০২১
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।


০৭/০৩/২০২১